যুগান্তর

তারিখ 22 MAR 2016
পৃষ্ঠা ২২ কলাম ৪

# বেগমগঞ্জে ছাত্রলীগের সঙ্গে সংঘর্ষে ছাত্রদল কর্মী নিহত

## গুলিবিদ্ধ ২

**স্টাফ রিপোর্টার,** *নোয়াখালী*

নোয়াখালীর বেগমগঞ্জে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে ছাত্রলীগ ও ছাত্রদলের মধ্যে সংঘর্ষ হয়েছে। এ ঘটনায় গুলিবিদ্ধ হয়ে ছাত্রদলের এক কর্মী নিহত হয়েছেন। গুলিবিদ্ধ হয়েছেন আরও দু'জন। সোমবার রাতে বেগমগঞ্জের অনন্তপুর গ্রামে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

নিহত ছাত্রদল কর্মীর নাম ফজলে রাব্বী রাজীব। তার বাবার নাম জয়নাল আবেদীন। গুরুতর আহত ছাত্রলীগের কর্মী ওয়াসিম ও ইয়াসিনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ রিপোর্ট লেখা পর্যন্ত রাত ১০টায় এলাকায় উত্তেজনা বিরাজ করছিল। বেগমগঞ্জ থানার ওসি গোলাম ফারুক ঘটনায় সত্যতা নিশ্চিত করেছেন।